মোংলা বন্দর কর্তৃপক্ষ
পরিচালক (ট্রাফিক) এর কার্যালয়
মোংলা, বাগেরহাট।

# বিজ্ঞপ্তি

২০১৮ সালে মোংলা বন্দরে ট্রাফিক বিভাগের অধীনে বিভিন্ন প্রকার লাইসেন্স নবায়নের জন্য সেবামূলক প্রতিষ্ঠান/ ব্যক্তিবর্গের নিকট হইতে লাইসেন্স নবায়ন/প্রদানের পদ্ধতি অনুযায়ী নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। আবেদনপত্র অবশ্যই ০৭ ডিসেম্বর, ২০১৭ তারিখ অথবা এর পূর্বে পরিচালক (ট্রাফিক) এর দপ্তরে দাখিল করতে হবে। আবেদনপত্রের নির্ধারিত ফরম উক্ত দপ্তর হতে অত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ০২ ডিসেম্বর, ২০১৭ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নির্ধারিত আবেদন ফিস পরিশোধ পূর্বক সংগ্রহ করা যাবে।

নবায়নঃ- যে সকল প্রতিষ্ঠানকে ২০১৭ সালে লাইসেন্স প্রদান/পূণঃ প্রদান/নবায়ন করা হয়েছে, নবায়নের ক্ষেত্রে তারাই আবেদনপত্র পাওয়ারযোগ্য বলে বিবেচিত হবে। ষ্টিভেডরিং, শ্রমিক ঠিকাদার এবং অন্যান্য ভেন্ডর লাইসেন্সধারী প্রতিষ্ঠানের ২০১৮ সালের লাইসেন্স নিম্নবর্ণিত ভিত্তি ও শর্তানুযায়ী নবায়ন করা হবে।

১। ক) জাতীয়তার সনদপত্র, হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদপত্র ও আইডি কার্ড (প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত), ব্যাংক সচ্ছলতার সনদপত্র (হালনাগাদ বাৎসরিক লেনদেনের হিসাব বিবরণীসহ), পর্যাপ্ত ব্যবসা রয়েছে এরূপ শিপিং এজেন্ট/আমদানীকারক ও রপ্তানীকারকের নিয়োগপত্রের মূলকপি, মোংলা বন্দর কর্তৃপক্ষের ট্রাফিক বিভাগ, অর্থ ও হিসাব বিভাগ, নিরাপত্তা বিভাগ, প্রশাসন বিভাগের সম্পত্তি শাখার এবং বিলুপ্ত মোংলা বন্দর ডক শ্রমিক ব্যবস্থাপনা বোর্ডের লেভী, শ্রম মজুরী ও বিশেষ চাঁদা পাওনা নাই সম্পর্কিত ছাড়পত্র, এবং সদস্যভূক্ত পুলের পরিচালনা পর্যদের নিকট হতে লেভী ও শ্রম মজুরী পাওনা নাই মর্মে প্রত্যয়নপত্র গ্রহণ পূর্বক উহার মূলকপি সমূহ আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

খ) ৩০০/- টাকা মূল্যের ননজুডিশিয়াল ষ্ট্যাম্পে সময়মত শ্রমিকদের পারিশ্রমিক/শ্রমিক কল্যাণ তহবিল চাঁদা ইত্যাদি পরিশোধের এবং ষ্টিভেডরদের নিয়োজিত ক্যাজুয়াল কর্মচারীদের সম্পূর্ন দায়-দায়িত্ব বহনের অঙ্গীকারনামা আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

গ) ৩০০/- টাকা মূল্যের ননজুডিশিয়াল ষ্ট্যাম্পে ব্যবসা সম্পর্কিত সকল তথ্য সরবরাহের এবং লাইসেন্স দাতা কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে ইস্যুকৃত সকল নির্দেশ/নিয়মাবলী মেনে চলার অঙ্গীকারনামা আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

ঘ) শিপচ্যান্ডলার ও জ্বালানী সরবরাহ লাইসেন্সধারীসহ অন্যান্য ভেন্ডর লাইসেন্সধারী (হালসন পর্যন্ত নবায়নকৃত) প্রতিষ্ঠানের মালিক লাইসেন্স সংগে রাখবেন এবং নিজে জাহাজে যেয়ে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট হতে বোর্ডিং পাশ সংগ্রহ করবার পর জাহাজে কাজের অনুমোদন নিবেন। জ্বালানী সরবরাহ লাইসেন্স নবায়নের ক্ষেত্রে হালনাগাদ নবায়নকৃত বিস্ফোরক লাইসেন্স এর মূলকপি অথবা প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি অবশ্যই আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

ঙ) যৌথ মালিকানা অথবা লিমিটেড কোম্পানী ইত্যাদির ক্ষেত্রে কোর্টের এ্যাফিডেভিট অথবা জয়েন্ট ষ্টক কোম্পানীসমূহের রেজিষ্ট্রেশনের সনদপত্র পার্টনারশীপের/অংশীদারীত্বের প্রমানপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

চ) বৈধ ষ্টিভেডর/জাহাজের মালিক/শিপিং এজেন্ট/সরকারী অথবা আধাসরকারী প্রতিষ্ঠান/আমদানীকারক/ রপ্তানীকারক এর নিকট হতে অভিজ্ঞতার সনদপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে (শ্রমিক ঠিকাদার লাইসেন্স এর জন্য)।

ছ) প্রতিষ্ঠানের সাজসরঞ্জাম/যন্ত্রপাতি ও কর্মচারীদের শ্রেণীওয়ারী বিবরণ আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

২। বাৎসরিক লাইসেন্স ফিস/নবায়ন ফিস সংশোধিত ট্যারিফ রেট অনুযায়ী (প্রযোজ্য ভ্যাটসহ) আদায়যোগ্য।

৩। প্রতিটি লাইসেন্স পঞ্জিকা বৎসর (Calender Year) ভিত্তিতে নবায়ন/প্রদান করা হবে।

৪। লাইসেন্স নবায়ন এর ক্ষেত্রে বাৎসরিক নবায়ন ফি ৩১-১২-২০১৭ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কোন ক্রটির কারণে লাইসেন্স নবায়ন না হলে এবং ৩১-১২-২০১৭ তারিখের পরে লাইসেন্স নবায়ন করা হলে সেক্ষেত্রে নবায়ন ফি এর দেড়গুন অর্থ নবায়ন ফি হিসেবে পরিশোধ করতে হবে। প্রতিটি লাইসেন্স নবায়ন ফি মোংলা বন্দর কর্তৃপক্ষের অর্থ ও হিসাব বিভাগে জমা প্রদানের পর মানিরিসিটের মূলকপি/প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি ট্রাফিক বিভাগের লাইসেন্স শাখায় জমা দিতে হবে।

৫। ২০১৭ সালে নবায়নকৃত/পূণঃ প্রদানকৃত সকল প্রতিষ্ঠানকে ০১-০১-২০১৭ তারিখ হতে ৩১-১০-২০১৭ তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট লাইসেন্স এর অধীনে বাৎসরিক সম্পাদিত কাজের বিবরণী ১২-১১-২০১৭ তারিখের মধ্যে অত্র দপ্তরে দাখিল করতে হবে। ০১-১১-২০১৭ তারিখ হতে ৩১-১২-২০১৭ তারিখ পর্যন্ত বাৎসরিক কাজের বিবরণী (যদি থাকে) অত্র দপ্তরে দাখিলের পর বিধি মোতাবেক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। ক) লাইসেন্স নবায়নের জন্য সকল শিপচ্যান্ডলার ও জ্বালানী সরবরাহ প্রতিষ্ঠানকে ২০১৭ সালে যে কয়টি জাহাজে কাজ করেছেন সে কয়টি জাহাজের শিপিং বিলের মূলকপি অথবা শুল্ক বিভাগের প্রথম শ্রেণীর কর্মকর্তার সত্যায়িত কপিসহ নিজস্ব লেটারহেডে প্যাডে কত তারিখে কোন জাহাজে কি পরিমান কাজ করেছেন (মেঃ টন) এর তালিকা অত্র দপ্তরে দাখিল করতে হবে। অন্যান্য ভেন্ডর (Other Vendor) লাইসেন্স এর ক্ষেত্রে শুল্ক কর্তৃপক্ষের অনুমতি পত্রের মুলকপি অথবা শুল্ক কর্মকর্তা কর্তৃক প্রদত্ত অনুমতি পত্রের সত্যায়িত (প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক) কপি দাখিল করতে হবে।

খ) তিন জন শিপিং এজেন্ট/মালিক আবেদনকারীকে তাদের এজেন্সীর অধীনে মোংলা বন্দরে আগত সুনির্দিষ্ট লাইনের জাহাজে চ্যান্ডলার/চিপিং ও পেইন্টিং কন্ট্রাক্টর হিসেবে নিয়োগ করতে ইচ্ছুক, এই মর্মে তাহাদের প্রদত্ত সনদপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে

গ) জ্বালানী সরবরাহ প্রতিষ্ঠান কর্তৃক ২০১৭ সালে যে প্রতিষ্ঠান হতে জ্বালানী ক্রয় করিয়া বিদেশী জাহাজে সরবরাহ করা হয়েছে, এর স্বপক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে গ্রহণকৃত সনদপত্র দাখিল করতে হবে। ইহাছাড়া বিদেশী জাহাজে জ্বালানী তেল সরবরাহ সম্পর্কে সংশ্লিষ্ট শিপিং এজেন্ট এর সনদপত্র দাখিল করতে হবে।

ঘ) কোন প্রতিষ্ঠানের মালিকের বাবা, মা, স্ত্রী, পুত্র, কন্যা, ভাই ও আত্নীয় স্বজন কাহারো নামে কর্তৃপক্ষের কোন লাইসেন্স থাকলে উহা উল্লেখ পূর্বক লেটার হেডপ্যাডে একটি বিবরণ এবং প্রত্যেক প্রতিষ্ঠানের মালিকের ৩(তিন)টি নমূনা স্বাক্ষর আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৭। কোন ষ্টিভেডর/শ্রমিক ঠিকাদার প্রতিষ্ঠান অভ্যন্তরীণ জলযানের পোর্ট ডিউজ পরিশোধ ব্যতিরেকে মালামাল বোঝাই/খালাস কাজ করবে না। অন্যথায় লাইসেন্সিং বিধি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

৮। কোন লাইসেন্স হস্তান্তর/স্থানান্তর করা যাবে না। একজন মালিক কিংবা একাধিক অংশীদারের নামে লাইসেন্স ইস্যু করা যাবে। এই ব্যাপারে প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেটের নিকট হতে অথবা নোটারী পাবলিক এর দলিল (ডকুমেন্ট/ এ্যাফিডেভিট) প্রয়োজন হবে। কোন প্রতিষ্ঠানের মালিকের মৃত্যু হলে কোর্ট উত্তরাধিকার সনদপত্রের দ্বারা পরবর্তী মালিক/ মালিকবৃন্দ নির্ধারণ করবে।

৯। কোন সেবামূলক প্রতিষ্ঠান লাইসেন্স ইস্যু/নবায়ন করার জন্য যদি মিথ্যা/বিকৃত সার্টিফিকেট/ডকুমেন্ট/তথ্য দাখিল করলে তার/তাদের লাইসেন্স রদ করা হবে এবং নবায়ন ফি বাজেয়াপ্ত করে লাইসেন্স দাতা কর্তৃপক্ষের তহবিলে জমা করে সংশ্লিষ্ট সেবামূলক প্রতিষ্ঠানকে জানিয়ে দেয়া হবে।

লাইসেন্সিং কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন লাইসেন্স যে কোন সময় স্থগিত (Suspend)/বাতিল (Cancel) করার ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ মোস্তফা কামাল
পরিচালক (ট্রাফিক)
লাইসেন্সিং কর্তৃপক্ষের পক্ষে

নং- ১৮.১৪.০১৫৮.১৮২.০০.২৪৩(১৪).১৭- ৮৪৪/১-১৪ তারিখঃ- ১১ /১০/২০১৭ ইং

বিতরণঃ-

.................................................
.................................................
.................................................

অনুলিপিঃ-

১। কমিশনার অব কাষ্টমস, মোংলা শুল্ক ভবন, খুলনা।
২। পরিচালক (প্রশাসন), মবক, মোংলা।
৩। প্রধান নিরাপত্তা কর্মকর্তা, মবক, মোংলা।
৪। প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা, মবক, মোংলা।
৫। ডেপুটি ট্রাফিক ম্যানেজার, মবক, মোংলা।
৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।
৭। ট্রাফিক অফিসার, মবক, খুলনা।
৮। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস এ্যাসোসিয়েশন আনছারী কমপ্লেক্স (দ্বিতীয় তলা), ১৬০, শের-এ-বাংলা রোড, খুলনা।
৯। সকল পুল
.................................................
.................................................
.................................................

সকল সদস্যকে বিজ্ঞপ্তির বিষয়ে অবহিত করার জন্য অনুরোধ করা হল।

১০। নোটিশ বোর্ড।